চুয়াডাঙ্গায় বেশি দামে চিনি বিক্রয় লাখ টাকা জরিমানা

চুয়াডাঙ্গার সরোজগঞ্জে বেশি দামে চিনি বিক্রি, মেয়াদোত্তীর্ণ মালামাল মজুদ ও মূল্য তালিকা প্রদর্শন না করায় এক লাখ টাকা জরিমানা করা হয়েছে।

আজ রবিবার দুপুরে ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর সরোজগঞ্জ বাজারের মেসার্স আসাদুল স্টোর নামের একটি প্রতিষ্ঠানে অভিযান চালিয়ে এ জরিমানা করে।

জেলা ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহমেদ জানান, চিনিসহ নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্য নিয়ন্ত্রণে সরোজগঞ্জ বাজারের বেশ কিছু প্রতিষ্ঠানে তদারকি করা হয়। এ সময় মেসার্স আশাদুল স্টোরে ২৩ দিন আগের ৭৮ টাকা কেজি দরে কেনা চিনি ১০০ টাকা দরে বিক্রির প্রমাণ পাওয়া যায়। যা সরকার নির্ধারিত মূল্যের চেয়ে বেশি। এছাড়া প্রতিষ্ঠানটি থেকে বিক্রির উদ্দেশ্য সংরক্ষিত প্রচুর মেয়াদোত্তীর্ণ পণ্য জব্দ করা হয়। নিত্যদিনের মূল্য তালিকাও প্রদর্শন করা হয়নি।

এসব অপরাধে প্রতিষ্ঠানটিকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন-২০০৯-এর ৩৮, ৪০ ও ৫১ ধারায় এক লাখ টাকা জরিমানা করা হয়।

চুয়াডাঙ্গায় সড়ক দূর্ঘটনায় মা নিহত, পুত্রসন্তান আহত

চুয়াডাঙ্গায় ট্রাকের ধাক্কায় মোটরসাইকেল আরোহী মা শিরিনা খাতুন
(৩০) নিহত ও পুত্রসন্তান সোয়াদ আলী (১ বছর) আহত হয়েছে। আজ রবিবার বেলা ৩টার সদর উপজেলার সরোজগঞ্জ এলাকায় এ দূর্ঘটনা ঘটে। নিহত শিরিনা খাতুন সদর উপজেলা হোগলডাঙ্গা গ্রামের সলক আলীর স্ত্রী।

স্থানীয়রা জানায়, হোগলডাঙ্গা গ্রামের সলক আলী স্ত্রী শিরিনা ও পুত্রসন্তান সোয়াদকে মোটরসাইকেলে নিয়ে চুয়াডাঙ্গার দিক থেকে সরোজগঞ্জের দিকে যাচ্ছিল। এসময় পেছন দিক থেকে আসা একটি দ্রতগামি ট্রাকের ধাক্কায় মাটিতে পড়ে যায় শিরিনা ও সোয়াদ। ট্রাকের চাকায় মা ও সন্তান দুজনই হতাহত হন। চাকায় পিস্ট হয়ে শিরিনার পুরো শরীর থেতলে যায়। এতে ঘটনাস্থলে শিরিনা মারা যান। আহত পুত্রসন্তানকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে। এ দূর্ঘটনায় স্বামী সলক আলী সুস্থ আছেন।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের জরুরি বিভাগের চিকিৎসক ডা. জুবাইদা জামাল জয়া জানান, আহত পুত্রসন্তান চিকিৎসকের পর্যবেক্ষণে আছে। নিহত শিরিনার লাশ চুয়াডাঙ্গা সদর হাসপাতালের হিমঘরে রাখা হয়েছে। লাশ ময়না তদন্তের জন্য প্রক্রিয়াধীন আছে।

গাংনীতে জাতীয় পার্টির উপজেলা দিবস পালিত

মেহেরপুর গাংনীতে উপজেলা দিবস পালন উপলক্ষে জাতীয় পার্টির উদ্যোগে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। আজ রবিবার দুপুরে গাংনী উপজেলা জাতীয় পার্টির অফিসে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গাংনী উপজেলার জাতীয় পার্টির সভপতি বাবলু হোসেনের সভাপতিত্বে প্রধান হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা জাতীয় পার্টির সিনিয়র সহ-সভাপতি কেতাব আলী। প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন গাংনী উপজেলা জাতীয় পার্টির দপ্তর সম্পাদক সেলিম রেজা। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন গাংনী উপজলা জাতীয় পার্টির যুগ্ম-সাধারণ সম্পাদক এজাজ উদ্দীন,সাংগঠনিক সম্পাদক রুহুল আমিন,মটমুড়া ইউনিয়ান জাতীয় পার্টির সভাপতি আব্দুর সালাম,সাধারণ সম্পাদক জালাল উদ্দীন,কাজিপুর ইউনিয়ান জাতীয় পার্টির সভাপতি এমদাদ আলী,সাধারণ সম্পাদক জালাল উদ্দীন প্রমূখ।

এসময় বিভিন্ন গ্রাম থেকে আগত নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, জাতীয় পার্টির প্রতিষ্ঠাতা ও সাবেক রাষ্ট্রপতি প্রয়াত হুসেইন মুহম্মদ এরশাদ ১৯৮৪ সালের ২৩ অক্টোবর মেহেরপুরের গাংনী উপজেলা পরিষদ প্রতিষ্ঠা করেন।

মেহেরপুরে ইজিবাইকের ধাক্কায় কৃষক আহত

মেহেরপুর সদর উপজেলার ঝাউবাড়িয়া গ্রামে বিদ্যুৎচালিত অটোবাইকের ধাক্কায় হামিদুল ইসলাম (৩৫) নামের এক কৃষক মারাত্বক আহত হয়েছেন।

আহত হামিদুল ইসলাম ঝাউবাড়িয়া গ্রামের জিল্লুর রহমানের ছেলে। আজ রবিবার (২৩ অক্টোবর) বিকাল ৫ টার দিকে এই সড়ক দুর্ঘটনাটি ঘটে। দুর্ঘটনায় হামিদুলের মুখ ও হাতে পায়ের বিভিন্ন স্থানে জখম হয়েছে।

আহত হামিদুল বর্তমানে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে ভর্তি রয়েছেন।

হামিদুল জানান, মেহেরপুর থেকে কাঁচা ঝাল বিক্রি করে বাড়ি ফিরছিলেন তিনি। ঝাউবাড়িয়া প্রাথমিক বিদ্যালয়ের সামনে পৌছানো মাত্রই বিপরীত দিক থেকে আসা একটি দ্রতগামী ইজিবাইক তাকে ধাক্কা দিয়ে পালিয়ে যায়। স্থানীয়রা উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে ভর্তি করে।

দামুড়হুদা উপজেলা এপেক্স কমিটির অর্ধ বার্ষিকী সমন্বয়

সভা

দামুড়হুদার উপজেলা এপেক্স কমিটির অর্ধ বার্ষিকী সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে। আজ রবিবার বিকাল ৪ টার সময় দামুড়হুদার জুড়ানপুর হাইস্কুলে প্রত্যাশা সামাজিক উন্নয়ন সংস্থার আয়োজনে জে এফ জি ই এর অর্থায়নে ওয়াসেফ প্রকল্পের আওতায় উপজেলা এপেক্স কমিটির অর্ধ-বার্ষিকী সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা এপেক্স কমিটির সভাপতি মকলেছুর রহমানের সভাপতিত্বে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা এপেক্স কমিটির সহ-সভাপতি আসাদুল হক , উপজেলা এপেক্স কমিটির সাধারণ সম্পাদক আব্দুর রাজ্জাক,উপজেলা অফিস কমিটির নির্বাহী সদস্য আব্দুল মান্নান, আসাদুল হক, এমাজউদ্দীন, আব্দুল হাকিম,অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ওয়াসেপ প্রকল্পের সমন্বয়কারী তোফায়েল আহমেদ ।কৃষকদের মাঝ থেকে বক্তব্য রাখেন, নির্বাহী সদস্য ওলি হোসেন,মমিনুল ইসলাম, গোলাম মোস্তফা সাগর আলী প্রমুখ।

সহযোগিতায় ছিলেন ইউনিয়ন ফ্যাসিলেটর হামিদুল ইসলাম, সোহেল রানা, ফিল ভলেন্টিয়ার আরিফুর রহমান ও মনজুর এলাহী।

মেহেরপুর জেলা জাতীয় পার্টির উপজেলা দিবস পালন

রবিবার বিকেলে মেহেরপুর জেলা জাতীয় পার্টি প্রধান কার্যালয় কাথুলী বাস স্ট্যান্ডে এই আলোচনা সভার আয়োজন করা হয়।

সদর উপজেলা জাতীয় পার্টি সভাপতি (ভারপ্রাপ্ত) খিলাফত আলীর সভাপতিত্বে মেহেরপুর পৌর জাতীয় পার্টি সদস্য সচিব মোঃ হামিদুল ইসলাম এর সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা জাতীয় পার্টি আহ্বায়ক মোঃ আব্দুল হাদী, প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা জাতীয় পার্টি সদস্য সচিব সুমন পারভেজ, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর পৌর

জাতীয় পার্টি আহ্বায়ক মোঃ আব্দুল মান্নান, সদর উপজেলা জাতীয় পার্টি যুগ্ম সাধারণ সম্পাদক মোঃ আনছারুল ইসলাম, জাতীয় যুব সংহতি মেহেরপুর জেলা শাখার আহ্বায়ক মোঃ মাহমুদুল হাসান, জাতীয় ছাত্র সমাজ মেহেরপুর জেলা শাখার আহ্বায়ক মোঃ রনি হোসেন, এই অনুষ্ঠান সার্বিক পরিচালনা করেন সদর উপজেলা জাতীয় পার্টি সাংগঠনিক সম্পাদক মোঃ খায়রুল বাসার মিঠু প্রমুখ।

এ সময় মেহেরপুর জেলা জাতীয় পার্টি আহ্বায়ক মোঃ আব্দুল হাদী বলেন বাংলাদেশের ৪৬০টি উপজেলা ব্যবস্থার প্রবর্তক সাবেক প্রেসিডেন্ট হুসেইন মোহাম্মদ এরশাদ যারা মাধ্যমে সেবা পাচ্ছে বর্তমান জনগন।

কুষ্টিয়ায় হত্যা মামলার মৃত্যুদণ্ডপ্রাপ্ত পলাতক আসামি গ্রেপ্তার

কুষ্টিয়া সদর উপজেলার জগতি এলাকার ইজিবাইকচালক সুজন শিকদার হত্যা মামলার মৃত্যুদণ্ডপ্রাপ্ত পলাতক আসামি রাকিবুল ইসলাম আসাদকে (৩৬) গ্রেপ্তার করেছে র্যাব।

রোববার বেলা ১২টার দিকে কুষ্টিয়া কার্যালয়ে প্রেস ব্রিফিং করে এ তথ্য নিশ্চিত করেন র্যাব ১২ এর অধিনায়ক অতিরিক্ত ডিআইজি মো. মারুফ হোসেন।

তিনি বলেন, মৃত্যুদণ্ডপ্রাপ্ত রাকিবুল ইসলামের বাড়ি কুষ্টিয়া সদর উপজেলার আলামপুরের দত্তপাড়া গ্রামে। গত রাতে ঢাকা জেলার সাভার উপজেলার বিরুলিয়া এলাকা থেকে তাকে গ্রেপ্তার করা হয়।

র্যাব-১২ অধিনায়ক আরও জানান, ২০১৬ সালে হত্যাকাণ্ডের পর রাকিবুল ইসলাম গ্রেপ্তার হয়ে প্রায় দেড় বছর জেল খাটে। এরপর জামিনে মুক্তি পেয়ে সে সাভারের বিরুলিয়া এলাকায় আত্মগোপনে থেকে সেখানে সে রাজমিস্ত্রির হেলপার, বালুরঘাটের পাহারাদার এবং সর্বশেষ কোমল পানীয়র একটি কোম্পানির ডেলিভারি ম্যান হিসেবে কাজ করতো। এই

হত্যা মামলা ছাড়াও রাকিবুলের বিরুদ্ধে একটি অস্ত্র এবং দুটি নারী ও শিশু নির্যাতন দমন আইনের মামলা রয়েছে। প্রেস ব্রিফিং র্যাব ১২ কুষ্টিয়ার কোম্পানি কমান্ডার স্কোয়াড্রন লিডার মোহাম্মদ ইলিয়াস খানসহ র্যাব কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, ২০১৬ সালের ২৮ মার্চ কুষ্টিয়া সদর উপজেলার জগতি এলাকার ইজিবাইক চালক সুজন শিকদার (২৮) ভাড়ায় যাত্রী বহনের উদ্দেশে বাড়ি থেকে বের হয়ে আর ফিরে আসেনি। পরদিন ২৯ মার্চ কুষ্টিয়ার ভেড়ামারা উপজেলার সাতবাড়ীয়া এলাকার একটি লিচু বাগান থেকে সুজনের ক্ষতবিক্ষত মরদেহ উদ্ধার করে ভেড়ামারা থানা পুলিশ। ইজিবাইক ছিনতাইয়ের উদ্দেশে সুজনকে হত্যা করা হয় বলে জানা যায়।

এ ঘটনায় করা মামলায় ২০২২ সালের ৪ অক্টোবর কুষ্টিয়ার অতিরিক্ত জেলা ও দায়রা জজ-১ এর বিচারক গ্রেপ্তার আসামি রাকিবুল ইসলামকে মৃত্যুদণ্ড ও দুই আসামিকে আসামিকে যাবজ্জীবন কারাদণ্ড দেন।

কুষ্টিয়ায় হত্যার শিকার সাংবাদিককে গ্রেফতারে বাড়িতে পুলিশ

কুষ্টিয়ায় নিখোঁজের পাঁচ দিন পর গত ৭ জুলাই সাংবাদিক হাসিবুর রহমান রুবেলের (৩১) লাশ উদ্ধার করা হয়। এ ঘটনার সাড়ে তিন মাস পর তাকে গ্রেফতারের জন্য বাড়িতে গেছে পুলিশ।

শনিবার (২২ অক্টোবর) দুপুর সোয়া ১টায় কুষ্টিয়া শহরে রুবেলের বাড়িতে যান মিলপাড়া ফাঁড়ির সহকারী উপপরিদর্শক (এএসআই) আসাদুল ইসলাম।

রুবেলের চাচা মিজানুর রহমান বলেন, ‘ দুপুরের দিকে এএসআই আসাদুল কুষ্টিয়া শহরের এ/৩৯ নম্বর হাউজিং কালিশংকরপুরের বাসায় এসে রুবেলের খোঁজ করেন। কারণ জানতে চাইলে এএসআই বলেন, “রুবেলের নামে ওয়ারেন্ট আছে। তাকে গ্রেফতার করে ওয়ারেন্ট তামিল করতে হবে”। তখন

ওই পুলিশ কর্মকর্তাকে জানাই, “রুবেল কবরস্থানে শুয়ে আছে”। এ কথা শোনার পর রুবেলের মৃত্যু সনদ চান তিনি। তখন তাকে মৃত্যু সনদ সরবরাহ করা হয়।’

এ বিষয়ে কুষ্টিয়া মডেল থানার মিলপাড়া ফাঁড়ির এএসআই আসাদুল ইসলাম বলেন, ‘আদালতের সিআর ৩১০/২২ নম্বরের ওয়ারেন্ট রুবেলের নামে ইস্যু হয়। এটি হাতে পাওয়ার পর তার বাসায় গিয়ে জানতে পারি, তিনি মারা গেছেন। এরপর তার মৃত্যু সনদ নিয়ে আদালতে একটি প্রতিবেদন দেওয়া হয়েছে।’

তিনি আরও বলেন, ‘হাসিবুর রহমান রুবেলের নামে চেক সংক্রান্ত একটি মামলায় (এনআইডি এক্টের ১৩৮ ধারায়) ওয়ারেন্ট ইস্যু হয়েছে।’

উল্লেখ্য, হাসিবুর রহমান রুবেল কুষ্টিয়া জেলা রিপোর্টার্স ক্লাবের সাধারণ সম্পাদক, স্থানীয় দৈনিক কুষ্টিয়ার খবর পত্রিকার ভারপ্রাপ্ত সম্পাদক ও দৈনিক আমাদের নতুন সময় পত্রিকার জেলা প্রতিনিধি ছিলেন। নিখোঁজের পাঁচ দিন পর গত ৭ জুলাই দুপুরে কুমারখালী উপজেলার যদুবয়রা ইউনিয়নে গড়াই নদী থেকে লাশ উদ্ধার করে পুলিশ।

দামুড়হুদা পানিতে ডুবে শিশু রাফিয়ার মৃত্যু

দামুড়হুদার জয়রামপুর পুকুরের পানিতে ডুবে রাফিয়া নামের আড়াই বছরের এক শিশুর মৃত্যু হয়েছে।

আজ রবিবার সকাল ৮ টার দিকে উপজেলার হাউলী ইউনিয়নের জয়রামপুর মাঠপাড়া (নোয়াখালী পাড়ায়) এ ঘটনা ঘটে। নিহত রাফিয়া উপজেলার জয়রামপুর নোয়াখালী পাড়ার রফিকের মেয়ে ।

পরিবার সূত্রে জানা গেছে, নিহত রাফিয়া তার মায়ের আঁচল ধরে বার বার টানে এবং মা মা বলে বাড়ির সামনে বাড়ির উঠানে খেলা করছিল। সে সময় নিহত রাফিয়ার মা উঠান ঝাড়ু দিচ্ছিলো উঠান ঝাড়ু দেওয়ার পর

যখন শিশু রাফিয়াকে খুজে পাওয়া যাচ্ছে না, তখন বাড়ির লোকজনের সন্দেহ হলে পুকুরে খোঁজা খুজি করতে থাকে একপর্যায়ে রাফিয়া কে মৃত্যু অবস্থায় পুকুরের পানি থেকে তোলে।

ধারণা করা হচ্ছে সবার অজান্তে শিশুটি বাড়ির সামনে থাকা পুকুরের পাড়ে শানবাধা সিঁড়িতে বসে খেলা করছিলো খেলা করতে করতে এক পর্যায়ে সিলিপ কেটে পানিতে পড়ে ডুবে যায়।

মেহেরপুরে শহীদ ৫ রোভারের মাগফেরাত কামনায় দোওয়া অনুষ্ঠিত

১৯৯৭ সালের ২২ অক্টোবর রাতে সিলেটের লাক্কাতুরা চা বাগান সপ্তম জাতীয় রোভার মুট ও নবম এশিয়া প্যাসিফিকে অংশ নিতে গিয়ে সড়ক দুর্ঘটনায় নিহত মেহেরপুরের ৫ রোভারের মাগফেরাত কামনায় দোওয়ার মাহফিল ও স্মৃতিসৌধে পুষ্পার্ঘ্য অর্পণ অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার (২৩ অক্টোবর) সকালে শহীদ ৫ রোভার সদস্যের ২৫তম মৃত্যুবার্ষিকী পালন উপলক্ষে মেহেরপুর পৌর কবরস্থানে জিয়ারত, দোওয়ার মাহফিল ও কবি নজরুল শিক্ষা মঞ্জিলের জেলা স্কাউট ভবনের সামনে রোভার স্মৃতিসৌধে পুষ্পার্ঘ্য অর্পণ করেছে মেহেরপুর জেলা রোভার।

জেলা রোভারের কমশিনার প্রফেসর রফিকুল ইসলামের নেতৃত্বে দোওয়া অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, জেলা রোভারের সহ-সভাপতি প্রফেসর নুরুল আহম্মেদ, সাধারণ সম্পাদক ফররুক আহম্মেদ, ডিআরএসএল আনোয়ার হোসেন, কোষাধ্যক্ষ রফিকুল আলম, সাবেক কোষাধ্যক্ষ রমজান আলী, মো: মোস্তাকিম প্রমুখ।

এদিকে মাসুম মনিরুল এর পরিবারের পক্ষে থেকে মেহেরপুর শহরের থানা পাড়া বাইতুল ফাতাহ জামে মসজিদ ও মসজিদ সংলগ্ন দারুল কোরআন হাফেজিয়া মাদ্রাসায় মিলাদ ও দোয়া করা হয়।